সেমিফাইনালে সুতীর্থা-ঐহিকা

দোহা ডব্লুটিটি কনটেনডারে মহিলা ডাবলসের সেমিফাইনালে সুতীর্থা মুখার্জি-ঐহিকা মুখার্জি জুটি। কোয়ার্টারে হারান মিশরের হেলমি ইউসরা-দিনা মেশরেফকে। ফল ১১-৪, ১১-৬, ১১-৭।

সবাইকে খুশি করা সম্ভব নয়, মত রোহিতের

আজকালের প্রতিবেদন

টি২০ বিশ্বকাপের আগে শেষ ২০ ওভারের ম্যাচটি খেলে ফেলল ভারতীয় দল। ঘরের মাঠে দ্বিপাক্ষিক সিরিজে আফগানিস্তানকে হোয়াইটওয়াশ করেছেন রোহিত শর্মারা। এক বছরেরও বেশি সময় পর টি২০-তে ফিরলেন রোহিত ও বিরাট। একইসঙ্গে বিশ্বকাপের প্রস্তুতিও সেরে রাখলেন তাঁরা।

বুধবার জয়ের পর রোহিতের মুখেও শোনা গিয়েছে টি২০ বিশ্বকাপের প্রস্তুতির কথা। যদিও সেই দল এখনও চূড়ান্ত হয়নি। তবে ভারত অধিনায়কের বিশ্বাস, আসন্ন বিশ্বকাপের জন্য অনেক খেলোয়াড় তৈরি রয়েছেন। যাঁরা নিয়মিত জাতীয় দলে সুযোগ পান না, তাঁদের কাছেও এই সিরিজ ছিল নিজেদের প্রমাণের মঞ্চ।

এক সংবাদ চ্যানেলের সামনে রোহিত বলেন, 'আমরা যখন ওয়ানডে বিশ্বকাপ খেলছি, তখন টি২০-তে বেশ কয়েকজনকে পরীক্ষা করা হয়েছে। পারফরমেন্স অনুযায়ী আফগানিস্তানে সিরিজের মূল স্কোয়াড ঘোষণা করা হয়। যারা সুযোগ পেল না, তাদের কাছে বিষয়টা অবশ্যই হতাশাজনক। তবে আমাদের কাজ দলে স্বচ্ছতা আনা। আর সেইজন্য সবাইকে খুশি করা সম্ভব নয়।'

একইসঙ্গে রিঙ্কু সিংকে নিয়েও উচ্ছ্বসিত রোহিত। বুধবারের ম্যাচে ভারতের ব্যাটিং লাইনআপ যখন তাসের ঘরের মতো ভেঙে পড়েছে, সেইসময় অধিনায়কের সঙ্গে ইনিংসের হাল ধরেন রিঙ্কু। ৩৯ বলে করেন অপরাজিত ৬৯ রান। রোহিতের কথায়, 'রিঙ্কু দেখিয়ে দিয়েছে ব্যাট হাতে ও কী করতে পারে।' আফগানিস্তানের বিরুদ্ধে ৩-০ ব্যবধানে সিরিজ জয়ে সন্তুষ্ট কোচ রাহুল দ্রাবিড়ও। তাঁর কথায়, 'টি২০ বিশ্বকাপের আগে আমাদের হাতে বেশ কিছু বিকল্প খেলোয়াড় চলে এসেছে। জিতেশ শর্মা, শিবম দুবের মতো প্লেয়াররা নজর কেড়েছে।'

অন্যদিকে পরপর দুটো সুপার ওভারে রোহিত শর্মার ব্যাটিং করা নিয়েও ব্যাখ্যা দিলেন দ্রাবিড়। তাঁর কথায়, '২০২২ সালে রাজস্থান রয়্যালস বনাম লখনউ সুপার জায়ান্টস ম্যাচে অশ্বিনকেও আমরা এমনটা করতে দেখেছি। বিপক্ষ দল আপত্তি না জানালে এতে কোনও সমস্যা নেই।'

অভীকের সঙ্গে লক্ষ্মী, মনোজ, অনুষ্টুপ-সহ বাংলা দলের ক্রিকেটাররা। বৃহস্পতিবার ইডেনে। ছবি: অভিষেক চক্রবর্তী

অভীকের জীবনযুদ্ধের অনুপ্রেরণায় নামছে বাংলা

বিশ্বজিৎ দাস

ইডেনে 'মিশন ছত্তিশগড়'-এর ২৪ ঘণ্টা আগে বাংলা শিবিরে অভীক চৌধুরি। একদা সতীর্থদের অনুরোধ ফেলতে না পেরে বৃহস্পতিবার সকালে অতঃপর হুইলচেয়ারে সওয়ার হয়ে মাঠে পৌঁছোন।

২০০৯ সালে ভয়ঙ্কর গাড়ি দুর্ঘটনায় থমকে যায় প্রতিশ্রুতিমান এই অলরাউন্ডারের খেলোয়াড়ি জীবন। তবে ক্রিকেট থেকে সরানো যায়নি অভীককে। জীবনযুদ্ধে তাঁর এই লড়াইকে অনুপ্রেরণা হিসেবে কাজে লাগাতে চাইছে বঙ্গ শিবিরের থিঙ্ক ট্যাঙ্ক। জুনিয়রদের তাতাতে তাই অভীককে এদিন মাঠে হাজির করান লক্ষ্মীরতন শুক্লা, মনোজ তেওয়ারি, অনুষ্টুপ মজুমদাররা।

মেঘাচ্ছন্ন সকালে বৃহস্পতিবার বাংলার অনুশীলন শেষে মাঠে প্রবেশ অভীকের। জুনিয়রদের সঙ্গে পরিচয় পর্ব মিটিয়ে তাঁর সম্পর্কে কিছু কিছু কথা বলেন লক্ষ্মী, মনোজ, অনুষ্টুপরা। মাত্র ৭ রনজি ম্যাচে থমকে যাওয়া কেরিয়ার নিয়ে কোনও কথা বলেননি। শুধু জুনিয়রদের শুভেচ্ছা জানিয়েছেন অভীক। পরে মনোজ, লক্ষ্মীরাও স্বীকার করে নেন, দুর্ঘটনায় কেরিয়ার না থমকালে অভীকের মতো প্রতিভা বাংলাকে অনেককিছু দিতে পারত।

জানুয়ারির মাঝামাঝি সময়ে শহর কলকাতা এরকম শীতের আমেজে শেষ কবে ডুব দিয়েছিল মনে করতে পারছে না কেউই। তবে গতবার রনজি ফাইনালে এরকম পরিবেশে বিপর্যয় এখনও টাটকা বাংলা শিবিরের অন্দরে। তাই তিন পেসারে দল নামানোর পরিকল্পনা তৈরি। মনোজ তো বলেই দিলেন, 'উইকেটে ঘাস আছে। গতবারের ফাইনালের মতো আর্দ্রতা নেই। ফলে মারাত্মক ফ্যাক্টর না হলেও টসের কিছুটা গুরুত্ব থাকবেই। তাই আমরা তিন পেসারে নামব। প্রয়োজনে একজন বাড়তি ব্যাটার খেলানোর ভাবনা রয়েছে। চূড়ান্ত সিদ্ধান্ত কাল সকালেই নেব।' সূত্রের খবর, সেক্ষেত্রে করণ লাল বা প্রদীপ্ত প্রামাণিকের মধ্যে একজনের পরিবর্তে শুভম চ্যাটার্জি অথবা রণজ্যোৎ সিং খাইরার রনজি অভিষেক হতে চলেছে।

কানপুরে গত ম্যাচে উত্তরপ্রদেশের বিরুদ্ধে পুরো ম্যাচ হয়নি খারাপ আবহাওয়ায়। ইডেনেও মন্দ আলোর ভ্রুকুটি। যদিও নিয়ন্ত্রণের বাইরে থাকা বিষয় নিয়ে ভাবতে নারাজ বাংলা শিবির। মনোজের কথায়, 'আমাদের লক্ষ্য এই ম্যাচ থেকে পুরো ৭ পয়েন্ট তোলা। উত্তরপ্রদেশ ম্যাচে শুরুটা ভাল হয়েছিল। বোলাররা দারুণ পারফর্ম করে। গত কয়েক বছর ধরে আমাদের ওপেনিং একটা সমস্যা ছিল। এবার সেটা মিটে গিয়েছে। ফলে এখানেও ভাল কিছুর আশা করাই যায়।'

শতরানে লড়াই রজতের

আজকালের প্রতিবেদন: দুরন্ত শতরান রজত পতিদারের। তবে, দ্বিতীয় দিনের শেষে অনেকটাই পিছিয়ে ভারত 'এ' দল। আমেদাবাদে ইংল্যান্ড লায়ন্স ৫৫৩/৮ অবস্থায় ইনিংস ছাড়ল। অধিনায়ক জোস বোহান্নন ১২৫। মানব সুথার নিলেন ৪ উইকেট। ভারত 'এ' শুরু থেকেই বেকায়দায়। দুই ওপেনার অভিমন্যু ঈশ্বরন (৪) ও সাই সুদর্শন (০) দ্রুত ফিরে গেলেন। একা লড়ে গেলেন রজত পতিদার (অপরাজিত ১৪০)। ব্যর্থ সরফরাজ খান (৪), শ্রীকর ভরতরা (১৫)। দিনের শেষে ভারত 'এ' ২১৫/৮। এখনও ৩৩৮ রানে পিছিয়ে।

আজ শুরু যুব বিশ্বকাপ

আজকালের প্রতিবেদন: দক্ষিণ আফ্রিকার মাটিতে আজ থেকে শুরু অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ। তবে ভারত নামছে শনিবার। সামনে বাংলাদেশ। 'এ' গ্রুপে ভারত, বাংলাদেশ ছাড়াও রয়েছে আমেরিকা ও আয়ারল্যান্ড। ১৬টি দলকে ভাগ করা হয়েছে ৪টি গ্রুপে। দুটি সেমিফাইনাল ৬ ও ৮ ফেব্রুয়ারি। ফাইনাল ১১ ফেব্রুয়ারি। এই প্রতিযোগিতায় সবথেকে বেশিবার (৫ বার) চ্যাম্পিয়ন হয়েছে ভারত। তারপরই রয়েছে অস্ট্রেলিয়া (৩ বার)।

হারের মুখে ক্যারিবিয়ানরা

আজকালের প্রতিবেদন: দ্বিতীয় দিনই জয়ের গন্ধ পেল অস্ট্রেলিয়া। এডিলেড টেস্টে ওয়েস্ট ইন্ডিজের ১৮৮ রানের জবাবে অস্ট্রেলিয়া শেষ ২৮৩ রানে। উসমান খোয়াজা ৪৫, ট্রাভিস হেড ১১৯। ক্যারিবিয়ান বোলারদের মধ্যে শামার জোসেফ নিলেন ৫ উইকেট। দ্বিতীয় ইনিংসে, দিনের শেষে মাত্র ৭৩ রানে ৬ উইকেট হারিয়ে কোণঠাসা ওয়েস্ট ইন্ডিজ। একসময় ১৯ রানে ৪ উইকেট হারায় ক্যারিবিয়ানরা। ক্রিক ম্যাকেঞ্জি ২৬। জস হ্যাজেলউড ৪/১৮। ইনিংস পরাজয় এড়াতে এখনও ২২ করতে হবে ওয়েস্ট ইন্ডিজকে।

হেরে বিদায় নাগালের

আজকালের প্রতিবেদন

প্রথম সেট জিতেও শেষরক্ষা হল না। দ্বিতীয় রাউন্ডে হেরে অস্ট্রেলিয়ান ওপেন থেকে বিদায় নিলেন সুমিত নাগাল। বৃহস্পতিবার তিনি হেরেছেন চীনের শাং জানচেংয়ের কাছে ৬-২, ৩-৬, ৫-৭, ৪-৬ সেটে। প্রথম রাউন্ডে বিশ্বের ২৭ নম্বর আলেক্সান্ডার বুবলিককে স্ট্রেট সেটে হারিয়ে চমকে দিয়েছিলেন নাগাল। দ্বিতীয় রাউন্ডে জিতলে বিশ্বের দু'নম্বর কার্লোস আলকারাজের মুখোমুখি হতেন ভারতীয় টেনিস তারকা।

এদিন আলকারাজ দ্বিতীয় রাউন্ডে জিতেছেন বেশ লড়াই করে। স্প্যানিয়ার্ডের প্রতিপক্ষ ছিলেন ইতালির লোরেঞ্জো সোনেগো। হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর আলকারাজ ৬-৪, ৬-৭ (৩/৭), ৬-৩, ৭-৬ (৭/৩) সেটে জয়ী। এবার আলকারাজের প্রতিদ্বন্দ্বী নাগালকে হারানো শাং। মহিলা সিঙ্গলসে বিশ্বের এক নম্বর ইগা স্বিয়াটেক উঠলেন তৃতীয় রাউন্ডে। ৬-৪, ৩-৬, ৬-৪ সেটে জয়ী ড্যানিয়েলে কলিন্সের বিরুদ্ধে। বিদায় নিলেন তৃতীয় বাছাই এলিনা রিবাকিনা। তাঁকে হারিয়ে অঘটন ঘটালেন অ্যানা ব্লিঙ্কোভা। তিনি জয়ী ৬-৪, ৪-৬, ৭-৬ (২২/২০) সেটে। দ্বিতীয় রাউন্ডে পরাস্ত এমা রাডুকানুও। চীনের ওয়াং ইয়াফান জয়ী ৬-৪, ৪-৬, ৬-৪ সেটে। ডাবলসে প্রথম রাউন্ডে জয়ী রোহন বোপান্না-ম্যাথু এবডেন জুটি। ৭-৬ (৭/৫), ৪-৬, ৭-৬ (১০/২) সেটে হারান জেমস ডাকওয়ার্থ-মার্ক পলমান্সকে।

আজ বিশ্ব বাংলা এগ্‌জিবিশন সেন্টারে শুরু ইন্ডিয়ান ওপেন ইনডোর আর্চারি। সাংবাদিক সম্মেলনে দোলা ও রাহুল ব্যানার্জির সঙ্গে দীপিকা কুমারি, ওজাস দেওতালে, অদিতি স্বামী। ছবি: অভিষেক চক্রবর্তী

খেলার খুচরো

ভারতের হার

রাঁচিতে অলিম্পিক হকি কোয়ালিফায়ার্সে দ্বিতীয় সেমিফাইনালে ভারতের মহিলা দলের হার। ২-২ থাকার পর শুটআউটে জার্মানি ৪-৩ জয়ী। প্রথম সেমিফাইনালে জাপানকে ২-১ হারিয়ে ফাইনালে আমেরিকা। অলিম্পিকের জন্যও যোগ্যতার্জন করল আমেরিকা ও জার্মানি। ব্রোঞ্জ-মেডেল ম্যাচে জাপানকে হারালে প্যারিসের টিকিট পাবে ভারত।

উজ্জ্বল শচীন

টি২০ প্রদর্শনী ম্যাচে মাতিয়ে দিলেন ওয়ান ওয়ার্ল্ড দলের অধিনায়ক শচীন তেন্ডুলকার। তাঁর ব্যাট থেকে বেরল ১৬ বলে ২৭ রান। শচীনের দল ৪ উইকেটে হারায় যুবরাজ সিংয়ের ওয়ান ফ্যামিলিকে। উইকেটও নিয়েছেন শচীন।

২০শে শুরু

২৫ জানুয়ারি ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম টেস্ট শুরু। পাঁচ টেস্টের সিরিজ খেলবে ভারত। এই সিরিজের জন্য হায়দরাবাদে ২০ জানুয়ারি থেকে প্রস্তুতি শুরু করবে রোহিত ব্রিগেড। জানিয়েছেন কোচ রাহুল দ্রাবিড়। তাঁর কথায়, 'খুবই চিত্তাকর্ষক সিরিজ হতে চলেছে।'

TATA

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার 'এ', পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই- ৪০০০১৩, ব্রাঞ্চের ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-সহ পঠনীয় রুল ৮(৬) অধীনে]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল রুল ৮(৬) ও রুল ৯(১)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ-ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ ('ঋণগ্রহীতাগণ')-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)-এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য 'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে ২১.০২.২০২৪ তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না-হলে নিম্নবর্ণিত সম্পত্তি ২১.০২.২০২৪ তারিখে দুপুর ২টোয় ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। ই-নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফ্‌ট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ **২০.০২.২০২৪ বিকেল ৫টার মধ্যে টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের কাছে ব্রাঞ্চের এই ঠিকানায় জমা দিতে হবে: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬।**

সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি **'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে'** ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)-এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	বায়না জমা	দখলের প্রকৃতি
১	10478644	মিঃ বিমল দে (প্রয়াত- ঋণগ্রহীতা, তাঁর আইনি উত্তরাধিকারীগণের মাধ্যমে) ক) মিসেস মীরা দে- আইনি উত্তরাধিকারিণী, প্রয়াত মিঃ বিমল দে-এর পত্নী খ) মিঃ বিক্রম দে- আইনি উত্তরাধিকারী, প্রয়াত মিঃ বিমল দে-এর পুত্র মিসেস মীরা দে, মিঃ বিক্রম দে সকলেই প্রয়াত মিঃ বিমল দে-এর আইনি উত্তরাধিকারী	₹৩৫,৩১,০২৪.০০ (পঁয়ত্রিশ লক্ষ একত্রিশ হাজার চব্বিশ টাকা মাত্র) এবং ২০.০৮.২০২২	₹৩৬,৮৫,০৫০.০০ (ছত্রিশ লক্ষ পঁচাশি হাজার পঞ্চাশ টাকা মাত্র)	₹৩,৬৮,৫০৫.০০ (তিন লক্ষ আটষট্টি হাজার পাঁচশো পাঁচ টাকা মাত্র)	প্রতীকী

স্থাবর সম্পত্তির বর্ণনা: ৬৭২ বর্গফুট মাপের গ্রাউন্ড ফ্লোর ও প্রায় ৭৩২ বর্গফুট মাপের ফার্স্ট ফ্লোর মিলিয়ে মোট ১৪০৪ বর্গফুট মাপের ও মার্বেলের মেঝে দেওয়া জি+১ তলবিশিষ্ট বিল্ডিং সমেত প্রায় ২ (দুই) কাঠা ১ (এক) ছটাক মাপের বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- গোরখাড়া, আর এস ও এল আর দাগ নং ৯৮৯, আর এস খতিয়ান নং ২১২, এল আর খতিয়ান নং ১৮২৯, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১৮৮, গোরখাড়া (সোনারপুর স্টেশন রোড), ওয়ার্ড নং ১১ (পুরনো ১০ নং), রাজপুর-সোনারপুর পুরসভার এলাকাধীন। সম্পত্তির চৌহদ্দি: পূর্ব- পলান ঘোষের বাড়ি; পশ্চিম- ৪ ফুট চওড়া কমন প্যাসেজ; উত্তর- ৩ ফুট চওড়া কমন প্যাসেজ; দক্ষিণ- শেফালি চ্যাটার্জির বাড়ি।

২	10131883	মিঃ খোকন মোল্লা মিসেস রেশমিনা বেগম	₹২০,৪৯,৯৯৩.০০ (কুড়ি লক্ষ উনপঞ্চাশ হাজার নশো তিরানবুই টাকা মাত্র) এবং ২৮.০৫.২০২১	₹২২,৬৮,০০০.০০ (বাইশ লক্ষ আটষট্টি হাজার টাকা মাত্র)	₹২,২৬,৮০০.০০ (দুই লক্ষ ছাব্বিশ হাজার আটশো টাকা মাত্র)	প্রতীকী

স্থাবর সম্পত্তির বর্ণনা: নিম্নোক্ত আবাসিক সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ফ্ল্যাট নং 'এ', 'প্রান্তিক আবাসন' নামে পরিচিত বিল্ডিংয়ের 'এ' ব্লকের ফোর্থ ফ্লোরে, এই বিল্ডিংটি ১২ কাঠা ১২ ছটাক ১৩ বর্গফুট মাপের জমির প্লটের ওপর নির্মিত, মৌজা- সালুয়া, জে এল নং ৩, আর এস নং ১০৯, সি এস দাগ নং ৪০৩ ও ৪০৪, আর এস/ এল আর দাগ নং ৪১৮ ও ৪১৯, সি এস খতিয়ান নং ৩২৪, আর এস খতিয়ান নং ১৪৪, এল আর খতিয়ান নং ৩১৩, ৩৯৪, ৩৯২, ৩৯৩, ৩৯১, ৩৯০ ও ২২০/১, রাজারহাট-গোপালপুর পুরসভার ৪ নং (পুরনো), নতুন ৮ নং ওয়ার্ডের পুর-এলাকাধীন, বর্তমানে বিধাননগর পুরনিগম, থানা- রাজারহাট (পুরনো), এয়ারপোর্ট (নতুন), সল্ট লেক সিটি, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০১৩৬, সুপার বিল্ট আপ এরিয়া ৮৩০.০০ বর্গফুট, তৎসহ স্বত্বদলিলে লিখিত যাবতীয় কমন সুবিধাবলি ভোগদখলের সমানাধিকার।

৩	TCHHL05000 00100107474 এবং TCHIN05000 00100108515	মিঃ রিজওয়ান আহমেদ এবং মিসেস রেহানা খাতুন	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000 00100107474-এর প্রেক্ষিতে আপনাদের থেকে ₹১৯,৪৯,৯৬০.০০ (উনিশ লক্ষ উনপঞ্চাশ হাজার নশো ষাট টাকা মাত্র) বকেয়া ও আদায়যোগ্য এবং লোন অ্যাকাউন্ট নম্বর TCHIN05000 00100108515-এর প্রেক্ষিতে আপনাদের থেকে ₹৬৯,০৪৫.০০ (উনসত্তর হাজার পঁয়তাল্লিশ টাকা মাত্র) বকেয়া ও আদায়যোগ্য অর্থাৎ, মোট বকেয়া অর্থাঙ্ক ₹২০,১৯,০০৫.০০ (কুড়ি লক্ষ উনিশ হাজার পাঁচ টাকা মাত্র) এবং ০৮.০৯.২০২৩	₹১৯,৩৯,০০০.০০ (উনিশ লক্ষ উনচল্লিশ হাজার টাকা মাত্র)	₹১,৯৩,৯০০.০০ (এক লক্ষ তিরানবুই হাজার নশো টাকা মাত্র)	বাস্তবিক

স্থাবর সম্পত্তির বর্ণনা: নিম্নোক্ত স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ফ্ল্যাট নং ২, ফার্স্ট ফ্লোর, পূর্ব পার্শ্বে, হোল্ডিং নং এফ সি ৪১, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৫৫৪ বর্গফুট, এতে অন্তর্ভুক্ত ২টি বেডরুম, ১টি ডাইনিং রুম, ১টি কিচেন ও ১টি টয়লেট, পুরোটাই টাইলের মেঝে দেওয়া ও লিফ্‌টের সুবিধাযুক্ত, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, রাজারহাট পুরসভার (বর্তমানে বিধাননগর পুরনিগম) এলাকাধীন, হোল্ডিং নং এফ সি ৪১, আর এস দাগ নং ৩৫ ও ৪৩, আর এস খতিয়ান নং ১২৮৮/২, ১২৯০, তৌজি নং ২২৮/২২৯, আর এস নং ১৮০, মৌজা- কৃষ্ণপুর, জে এল নং ১৭, ওয়ার্ড নং ২০ (নতুন ওয়ার্ড নং ১৭), প্রেমিসেস নং ৪১, নারায়ণতলা (ওয়েস্ট), পোঃঅঃ- দেশবন্ধুনগর, থানা- রাজারহাট, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, কলকাতা-৭০০০৫৯। সম্পত্তির চৌহদ্দি: পূর্ব- পুরসভার ২০ ফুট চওড়া রাস্তা; পশ্চিম- প্রতিমা চৌধুরি; উত্তর- নিখিল কর; দক্ষিণ- প্রতিমা চৌধুরি।

৪	TCHHL05000 00100000672	মিঃ ঈশ্বরী প্রসাদ সোনওয়ানি মিসেস উষা সোনওয়ানি	₹৩৪,৪৪,৫৭৮.০০ (চৌত্রিশ লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশো আটাত্তর টাকা মাত্র) এবং ২১.১২.২০১৯	₹৫২,৭৯,২১৮.০০ (বাহান্ন লক্ষ উনআশি হাজার দুশো আঠারো টাকা মাত্র)	₹৫,২৭,৯২২.০০ (পাঁচ লক্ষ সাতাশ হাজার নশো বাইশ টাকা মাত্র)	প্রতীকী

স্থাবর সম্পত্তির বর্ণনা: প্রায় ১০৮০.৭০ বর্গফুট মাপের গ্রাউন্ড ফ্লোর (সিমেন্টের মেঝে) ও প্রায় ৫২৩.৮১ বর্গফুট ফার্স্ট ফ্লোর (সিমেন্টের মেঝে) বিশিষ্ট একটি দোতলা আবাসবাড়ি ও যাবতীয় এজমালি অধিকার, কমন এরিয়া, পথ, প্যাসেজ ব্যবহারের সমানাধিকার সমেত সামান্য কমবেশি প্রায় ২ কাঠা ৩ ছটাক ৬ বর্গফুট বা ৩.৫০ ডেসিমেলের সমতুল বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- উদয়রাজপুর, জে এল নং ৪৩, রে সা নং ৬, তৌজি নং ১৪৬, এল আর খতিয়ান নং ৬৯৭, আর এস খতিয়ান নং ৬, এল আর দাগ নং ২৮৪০, আর এস দাগ নং ১২২৭, মধ্যমগ্রাম পুরসভার এলাকাধীন, বর্তমানে ৯ নং ওয়ার্ডের এলাকাধীন, বর্তমান মিউনিসিপ্যাল হোল্ডিং নং ২০৮, নজরুল ইসলাম সরণি, থানা- মধ্যমগ্রাম, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭০০১২৯। সম্পত্তির চৌহদ্দি: পূর্ব- আর এস দাগ নং ১২২৭ সংবলিত অবশিষ্ট জমি; পশ্চিম- আর এস দাগ নং ১২২৭ সংবলিত অবশিষ্ট জমি; উত্তর- আর এস দাগ নং ১২২৩/১৫১৪; দক্ষিণ- পুরসভার ১২ ফুট চওড়া রাস্তা।

৫	19298508	মিঃ শুভাশিস ত্রিপাঠী মিঃ আশিস ত্রিপাঠী	₹৫০,১৪,৯৩৯.০০ (পঞ্চাশ লক্ষ চোদ্দ হাজার নশো উনচল্লিশ টাকা মাত্র) এবং ০৮.০৫.২০১৯	₹৫৯,০৪,১৫২.০০ (উনষাট লক্ষ চার হাজার একশো বাহান্ন টাকা মাত্র)	₹৫,৯০,৪১৫.০০ (পাঁচ লক্ষ নব্বই হাজার চারশো পনেরো টাকা মাত্র)	প্রতীকী

স্থাবর সম্পত্তির বর্ণনা: দোতলা পাকা আবাসবাড়ি ও একটি কার পার্কিং স্পেস মিলিয়ে মোট প্রায় ৩০০০ বর্গফুট (গ্রাউন্ড ফ্লোরের পরিমাপ ১০০০ বর্গফুট, ফার্স্ট ফ্লোর ১২০০ বর্গফুট, সেকেন্ড ফ্লোর ৬৮০ বর্গফুট ও কার পার্কিং স্পেস ১২০ বর্গফুট) মাপের কাঠামো-সহ সামান্য কমবেশি ২ কাঠা ৫ ছটাক ১৩ বর্গফুট বাস্তু জমির প্লটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- দক্ষিণ নিমতা, জে এল নং ৮, রে সা নং ১০২, আর এস খতিয়ান নং ১৭১৯, তৌজি নং ১৭২, দাগ নং ৯১৬৯, ৯১৭০ ও ৯১৭১, প্রেমিসেস নং ১৮/১, শিবাচল রোড, নর্থ দমদম মিউনিসিপ্যালিটির ১৯ নং ওয়ার্ডের এলাকাধীন, হোল্ডিং নং ৩০(৪২৩), ইস্ট টেম্পল রোড, বর্তমানে শিবাচল রোড নামে পরিচিত, থানা- নিমতা, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রি অফিস- কাশীপুর দমদম, উত্তর ২৪ পরগনা। সম্পত্তির চৌহদ্দি: পূর্ব- আশুতোষ চক্রবর্তীর বাড়ি; পশ্চিম- পুরসভার রাস্তা; উত্তর- সুদীশ চক্রবর্তীর বাড়ি; দক্ষিণ- (ডাক্তারের বাড়ি) অস্মি আই ফাউন্ডেশন।

৬	TCHHF05000 00100059695 এবং TCHHF05000 00100065737	এম সি সরকার অ্যান্ড সন্স মিসেস মধুছন্দা সরকার মিঃ মৈনাক সরকার	লোন অ্যাকাউন্ট নং TCHHF05000 00100059695-এর প্রেক্ষিতে আপনাদের থেকে ₹৮৩,৪৬,২১৭.০০ (তিরাশি লক্ষ ছেচল্লিশ হাজার দুশো সতেরো টাকা মাত্র) বকেয়া ও আদায়যোগ্য এবং লোন অ্যাকাউন্ট নং TCHHF05000 00100065737-এর প্রেক্ষিতে আপনাদের থেকে ₹৯,০৪,২২৭.০০ (নয় লক্ষ চার হাজার দুশো সাতাশ টাকা মাত্র) বকেয়া ও আদায়যোগ্য অর্থাৎ, মোট বকেয়া অর্থাঙ্ক ₹৯২,৫০,৪৪৪.০০ (বিরানবুই লক্ষ পঞ্চাশ হাজার চারশো চুয়াল্লিশ টাকা মাত্র) এবং ০৬.০৫.২০২৩	₹১,৫৪,৮৯,৮৬৪.০০ (এক কোটি চুয়ান্ন লক্ষ উননব্বই হাজার আটশো চৌষট্টি টাকা মাত্র)	₹১৫,৪৮,৯৮৬.০০ (পনেরো লক্ষ আটচল্লিশ হাজার নশো ছিয়াশি টাকা মাত্র)	বাস্তবিক

স্থাবর সম্পত্তির বর্ণনা: সম্পত্তি নং ১: প্রায় ২০.৯৭ একর মাপের জমির অবিভক্ত অবিভাজ্য ও সমানুপাতিক অংশ ও/বা স্বার্থ ভোগদখলের সমানাধিকার (যার ওপর 'সাউথ সিটি' নামক মাল্টিপল হাউজিং কমপ্লেক্সের অংশ বিশেষ রূপে একটি আবাসন প্রকল্পের অন্তর্ভুক্ত আবাসিক এলাকা নির্মিত) সমেত টাওয়ার নং ১ ('ওক')-এর ৯ নং ফ্লোরে ৩টি বেডরুম, হল, কিচেন ও বাথরুম নিয়ে গঠিত ও সামান্য কমবেশি ১২০৬ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত ফ্ল্যাট নং 'এল' বিশিষ্ট স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৩৭৫, প্রিন্স আনোয়ার শাহ রোড, কলকাতা-৭০০০৬৮ (পূর্বতন প্রেমিসেস নং ৩৭৫, প্রিন্স আনোয়ার শাহ রোড এবং ৩৫৭/১, প্রিন্স আনোয়ার শাহ রোড), থানা- যাদবপুর, ওয়ার্ড নং ৯৩, তৎসহ প্রেমিসেসের কমন অংশের অবিভক্ত অবিভাজ্য ও সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার-সহ আবাসিক কমপ্লেক্স সেগমেন